Department of State
Division of Licensing Services
P.O. Box 22001
Albany, NY 12201-2001
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

শিক্ষানবিশ নাপিতের আবেদন

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদনকারীদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি দ্রুত আপনার আবেদন করতে পারবেন এবং আপডেট করতে পারবেন এবং এর মাধ্যমে আপনি সম্পূর্ণ লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স নথিগুলি দেখতে এবং উপলব্ধ করতে পারবেন।

আমাদের ওয়েবসাইট দেখুন: www.dos.ny.gov

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশগুলির অনলাইন বিভাগ দেখুন।

আবেদন সম্পূর্ণ করার আগে ভালভাবে নির্দেশগুলি পড়ে নিন। সব কটি ক্ষেত্র পূরণ করা আবশ্যক, অসম্পূর্ণ আবেদন ফেরত পাঠিয়ে দেওয়া হবে, তার ফলে লাইসেন্স পেতে দেরী হবে। কোন আবেদনে কোনো কিছু বাদ যাওয়া, ভুল থাকা বা সম্পূর্ণভাবে প্রকাশ না করা বা সমর্থক নথিপত্র দিতে না পারার যথোপযুক্ত কারণে লাইসেন্স প্রদান নাও করকা হতে পারে, অথবা যদি কোন লাইসেন্স দেওয়াও হয় তবে তা রদ করা হতে পারে অথবা তা প্রত্যাহার করা হতে পারে।

শিষানবিশ নাপিত কি?

নিউইয়র্ক স্টেট আইন (জেনারেল বিজনেস ল এর ধারা ২৮) এবং ডিপার্টমেন্ট অফ স্টেট নিয়মাবলী (১৯ এনওয়াইসিআরআর) এর বর্ণনা মোতাবেক একজন শিক্ষানবিশ নাপিত হলেন এমন একজন ব্যক্তি যিনি একজন লাইসেন্সধারীর অভিভাবকত্ব, তত্বাবধান এবং নির্দেশনার অধীনে নাপিতের কাজ অনুশীলন করার জন্য একটি কোর্স অধ্যয়ন করছেন এবং উক্ত অনুশীলনের জন্য যিনি উক্ত লাইসেন্সধারীকে সহায়তা করছেন।

রেজিস্ট্রেশনের সার্টিফিকেটের জন্য আমার কি যোগ্যতা দরকার?

আপনার বয়স অন্ততপক্ষে ১৭ বছর হতে হবে এবং কোন লাইসেন্সপ্রাপ্ত নাপিতের তত্বাবধানে এবং নির্দেশমতো কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে, তাহলে আপনি একটি রেজিস্ট্রেশনের সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারেন।

সকল আবেদনকারীকে অবশ্যই একটি একবারের জন্য পড়ার কোর্স সম্পূর্ণ করতে হবে যার বিষয়বস্তু হবে "সংক্রামক রোগগুলি সংবহন এবং নাপিতের দোকানে পরিচ্ছন্নতা এবং জীবাণুনাশের সঠিক পদ্ধতিসমূহের প্রয়োগ।" এই কোর্সটি অবশ্যই নিউইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অনুমোদিত হতে হবে এবং এই আবেদনের সাথে আবশ্যিকভাবে কোর্স সম্পূর্ণ করার প্রমাণ দাখিল করতে হবে।

কেন আমাকে কাগজে আবেদনের সাথে আমার ইমেল ঠিকানা দিতে হবে?

এনওয়াইএস লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট তৈরী করার জন্য আপনার ইমেল ঠিকানা ব্যবহৃত হবে। বেশীরভাগ যোগাযোগই ইমেলের মাধ্যমে পাঠানো হবে। যদি আপনি ভবিষ্যতে আপনার ইমেল ঠিকানা পরিবর্তন করেন তাহলে আপনাকে আপনার অ্যাকাউন্টে লগ করে আপনার নতুন ইমেল ঠিকানা আপডেট করতে হবে।

যদি আমার তত্বাবধানকারী নাপিত অপারেটর পরিবর্তিত হন তাহলে কি হবে?

আপনাকে এই পরিবর্তনের বিষয়ে লাইসেন্সিং সার্ভিসেসের ডিভিশনকে জানাতে হবে। ডিপার্টমেন্টের ওয়েবসাইটে, http://www.dos.ny.gov/licensing/, এছাড়াও আপনি ডাউনলোড করতে পারেন 'চেঞ্জ অফ সুপারভাইজিং বার্বার ফর বার্বার এপ্রেন্টিস' ফর্ম (ডিওএস-১৯৬১)। এটি আপনার রেজিস্ট্রেশনের সার্টিফিকেট এই বিভাগে সাম্প্রতিকতম থাকার বিষয়টি সুনিশ্চিত করবে। এই সংশোধনের জন্য কোন ফী লাগবে না।

রেজিস্ট্রেশনের সার্টিফিকেটের জন্য কত ফী লাগবে এবং শর্তাবলী কি আছে?

আবেদনের ফী হল $২০। আপনার রেজিস্ট্রেশনের সার্টিফিকেট চার বছরের জন্য বৈধ থাকবে।

আপনি কি পদ্দতিতে টাকা প্রদান গ্রহণ করবেন?

আপনি ডিপার্টমেন্ট অফ স্টেট এর নামে প্রদেয় চেক বা মানি অর্ডারে টাকা দিতে পারেন। এছাড়াও আপনি আমেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড অথবা ভিসা, কোন ক্রেডিট কার্ড অনুমোদন ফর্মের মাধ্যমে টাকা দিতে পারেন বা অনলাইনে আবেদন করার সময়েও এগুলির মাধ্যমে টাকা প্রদান করতে পারেন। কখনও নগদ টাকা দেবেন না। **আবেদনের ফী ফেরতযোগ্য নয়।** আপনার ব্যাঙ্ক থেকে কোন চেক ফেরত আসলে $২০ ফী ধার্য করা হবে।

শিক্ষানবিশ নাপিতের আবেদন

এই রেজিস্ট্রেশনের সার্টিফিকেট নিয়ে কি আমি একটি নাপিতের দোকান চালাতে পারি?

না। একজন শিক্ষানবিশ নাপিত হিসাবে রেজিস্ট্রেশনের সার্টিফিকেট দিয়ে আপনি কোন ব্যবসা করতে পারবেন *না*। একটি ব্যবসা চালাতে, আপনাকে অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত নাপিত হতে হবে। কোন এপ্রেন্টিসশিপের ওপর ভিত্তি করে নাপিতের লাইসেন্সের জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই একজন এনওয়াইএস-রেজিস্টার্ড নাপিত এপ্রেন্টিস হিসাবে কোন এনওয়াইএস-রেজিস্টার্ড নাপিতের তত্ত্বাবধানে দুই বছর কাজ করতে হবে।

কোন রেজিস্ট্রেশনের সার্টিফিকেট জারী করার জন্য আমাকে কি একটি শারীরিক পরীক্ষা করাতে হবে?

হ্যাঁ। শিক্ষানবিশ নাপিত রেজিস্ট্রেশনের সার্টিফিকেটের জন্য আবেদন করতে আপনাকে কোন চিকিত্সক বা চিকিত্সকের সহকারীকে দিয়ে পরীক্ষা করাতে হবে। আপনার **চিকিত্সক, চিকিত্সকের সহকারী অথবা নার্স প্র্যাকটিশনারকে**অবশ্যই আবেদনের **স্বাস্থ্য শংসাপত্রদান** বিভাগটি পূরণ করে তারিখ বসাতে হবে অথবা যদি আপনি অনলাইনে আবেদন করেন, তাহলে হেলথ সার্টিফিকেশান ফর্ম (ডিওএস-১৯৪৮)টি পূরণ করে তারিখ বসাতে হবে। এটি স্বাক্ষর হয়ে যাওয়ার পরে আপনি অবশ্যই আপনার আবেদন ৩০ দিনের মধ্যে জমা করবেন।

শিশু সহায়তা বিবৃতি

আপনার কোন শিশু সহায়তা বা যেকোন প্রকার সহায়তার বাধ্যবাধকতা থাকুক বা নাই থাকুক, নিউইয়র্ক স্টেটে (সাধারণ বাধ্যবাধকতা আইন) একটি শিশু সহায়তা বিবৃতি বাধ্যতামূলক। **এমন একজন ব্যক্তি যার চার মাস বা তার বেশী সময়ের শিশু সহায়তা বাকি আছে যা তার ব্যবসা, পেশাদারী এবং ড্রাইভারের লাইসেন্স স্থগিত থাকার সাপেক্ষে ঘটতে পারে।** সমর্থন বাধ্যবাধকতার বৈধ প্রয়োগকে বিফল করা বা ব্যর্থ করার উদ্দেশ্যে কোন মিথ্যা লিখিত বিবৃতি আন্তর্জাতিকভাবে জমা দেওয়া পেনাল আইনের §১৭৫.৩৫ এর অধীনে অপরাধযোগ্য। প্রতারণার অভিপ্রায়ে কোন স্টেট বা স্থানীয় সরকারের কাছে ফাইলিং এর জন্য মিথ্যা নথিপত্র প্রদান করা ক্লাস ই গুরুতর অপরাধ বলে গণ্য হবে।

<u>অনলাইন পরিষেবা সংক্রান্ত তথ্য:</u>

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদনকারীদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি দ্রুত আপনার আবেদন করতে পারবেন এবং আপডেট করতে পারবেন এবং এর মাধ্যমে আপনি সম্পূর্ণ লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স নথিগুলি দেখতে এবং উপলব্ধ করতে পারবেন।

আরও বিশদে সম্পূর্ণ নির্দেশাবলীর জন্য এবং অন্যান্য অনলাইন তথ্যের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ দেখুন এখানে http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

অনলাইনে কি ধরনের কার্যসম্পাদন এবং তথ্য উপলব্ধ আছে?

- একটি প্রাথমিক আবেদন পূরণ করা
- একটি আবেদনের অবস্থা খতিয়ে দেখা
- আপনার লাইসেন্স পুননবীকরণ করা
- কোন পরীক্ষার সূচী নির্ধারণ করা এবং ফলাফল দেখা
- কোন লাইসেন্সের অবস্থা নিরীক্ষণ করা
- লাইসেন্সের তথ্য সংশোধন করা
- লাইসেন্সের একটি প্রতিলিপির জন্য অনুরোধ করা

এনওয়াইএস লাইসেন্স সেন্টারে (এনওয়াইএসএলসি) আমি কিভাবে একটি অ্যাকাউন্ট রেজিস্টার করব?

এনওয়াইএস লাইসেন্স সেন্টারে (এনওয়াইএসএলসি) একটি অ্যাকাউন্ট রেজিস্টার করতে, আপনাকে অবশ্যই প্রথমে My NY.gov তে রেজিস্টার করতে হবে। যদি আপনি বর্তমানে My NY.gov তে রেজিস্টার না থাকেন, তাহলে আমাদের ওয়েবসাইটে http://www.dos.ny.gov/licensing/licensecenter.html, 'ক্রিয়েট মাই অ্যাকাউন্ট' লিঙ্কে ক্লিক করুন, এর মাধ্যমে আপনি My NY.gov রেজিস্ট্রেশন সাইটে পৌঁছে যাবেন; সেখানে 'আই নিড এ NY.Gov আইডি' নির্বাচন করুন এবং My NY.gov এর জন্য রেজিস্ট্রেশন অনুসরণ করুন। My NY.gov আপনার রেজিস্ট্রেশন একবার সম্পূর্ণ হয়ে গেলে, My NY.gov তে আপনার জন্য উপলব্ধ বিকল্পগুলি থেকে এনওয়াইএস লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নিন। এনওয়াইএস লাইসেন্স সেন্টারে, একদম ডান দিকের কোণে থাকা 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিঙ্কে ক্লিক করুন। অনুরোধকৃত ঘরগুলি পূরণ করুন এবং আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরী সকল নতুন আবেদনে এই তথ্য পূর্ব হতেই বসে যাবে। আপনার পূরণ করা হয়ে গেলে এবং এই তথ্য সেভ হয়ে গেলে, প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার জন্য 'হোম' ট্যাবে ক্লিক করুন।

আমার ইতিমধ্যে একটি My NY.gov অ্যাকাউন্ট থাকলে কি হবে?

আপনি যদি ইতিমধ্যে My NY.gov তে রেজিস্টার থাকেন, তাহলে My NY.gov তে যান এবং সাইন ইন করুন, তারপরে My NY.gov তে আপনার জন্য উপলব্ধ বিকল্পগুলি থেকে এনওয়াইএস লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নিন। এর মাধ্যমে আপনার এনওয়াইএস লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট তৈরী হবে। এনওয়াইএস লাইসেন্স সেন্টারে, একদম ডান দিকের কোণে থাকা 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিঙ্কে ক্লিক করুন। অনুরোধকৃত ঘরগুলি পূরণ করুন এবং আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরী সকল নতুন আবেদনে এই তথ্য পূর্ব হতেই বসে যাবে। আপনার পূরণ করা হয়ে গেলে এবং এই তথ্য সেভ হয়ে গেলে, প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার জন্য 'হোম' ট্যাবে ক্লিক করুন।

এনওয়াইএস লাইসেন্স সেন্টারে আমি কিভাবে একটি লাইসেন্সের জন্য আবেদন করব?

এনওয়াইএস লাইসেন্স সেন্টারে একটি লাইসেন্সের জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই একটি অ্যাকাউন্ট তৈরী করতে হবে অথবা আপনার বর্তমান অ্যাকাউন্টে লগ ইন করবেন। আপনার অনলাইন লাইসেন্সের জন্য আবেদন করতে নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করুন:

- একটি অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করুন অথবা আপনার অ্যাকাউন্টে লগইন করুন (ওপরে দেখুন "আমি কিভাবে একটি অ্যাকাউন্টের জন্য এনওয়াইএস লাইসেন্স সেন্টারে (এনওয়াইএসএলসি) রেজিস্টার করব)")
- আপনি এনওয়াইএস লাইসেন্স সেন্টারে লগ ইন করার পরে 'হোম' ট্যাবে নির্বাচন করুন 'একটি নতুন লাইসেন্স বা পারমিটের জন্য এখন আবেদন করুন'
- অনলাইনে প্রদান করা আবেদনের নির্দেশাবলী অনুসরণ করুন
- যেকোন সমর্থক নথিপত্র আপলোড করুন
- টাকা প্রদান করুন এবং প্রতিপাদন পাতার প্রিন্ট নিন

আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে পারবেন এবং আপনার আবেদনের অবস্থা দেখতে পারবেন।

আমি কিভাবে অনলাইনে একটি অতিরিক্ত লাইসেন্স তৈরী করতে পারি?

একটি অতিরিক্ত লাইসেন্সের জন্য আবেদন করতে, আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং 'ম্যানেজ মাই লাইসেন্সেস' ট্যাবে ক্লিক করুন এবং তারপরে 'অ্যাপ্লাই নাউ! ফর এ নিউ লাইসেন্স অর পারমিট' লিঙ্ক নির্বাচন করুন। শর্তাবলী পড়ুন এবং তা স্বীকার করুন এবং সিস্টেম এখান থেকে আপনাকে পথ দেখাবে।

অনলাইন সিস্টেমের জন্য আমার ইউজার আইডি কি?

যখন আপনি আপনার My NY.Gov অ্যাকাউন্ট তৈরী করবেন, তখন আপনি একটি স্বতন্ত্র ইউজার আইডি তৈরী করবেন এবং আপনার ইমেল ঠিকানা ব্যবহার করবেন। আপনি তখন আপনার অ্যাকাউন্ট ইউজার আইডি এর মাধ্যমে উপলব্ধ করতে পারবেন।

আমি কিভাবে অনলাইনে আমার অ্যাকাউন্টের তথ্য আপডেট করব?

আপনার অনলাইনে অ্যাকাউন্ট তথ্য আপডেট করার দুটি স্থান আছে। আপনি আপনার তথ্য My NY.gov তে এবং আপনার এনওয়াইএস লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে আপডেট করতে পারেন।

My NY.gov তে, আপনার অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ করার বিষয়ে তথ্যের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ দেখুন।

আপনার এনওয়াইএস লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে লগ ইন করুন, একদন ওপরের সারিতে 'ম্যানেজ মাই লাইসেন্সেস' নামের একটি লিঙ্ক দেখতে পাবেন। এখান থেকে আপনি একটি যোগাযোগ পরিবর্তন সংশোধন পূরণ করার মাধ্যমে আপনার অ্যাকাউন্ট তথ্য আপডেট করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, আমি কিভাবে আমার শারীরিক পরীক্ষার বিষয়ে এই বিভাগকে জানাবো?

নাপিতের কাজের লাইসেন্সের জন্য আবেদন করতে সকল আবেদনকারীকে একজন চিকিত্‌সক, চিকিত্‌সকের সহকারী বা নার্স প্র্যাকটিশনারকে দিয়ে পরীক্ষা করাতে হবে। একজন চিকিত্‌সক, চিকিত্‌সকের সহকারী বা নার্স প্র্যাকটিশনারকে দিয়ে পরীক্ষা করানোর পরে লাইসেন্সেরআবেদন অবশ্যই ৩০ দিনের মধ্যে জমা করতে হবে এবং আবেদনে তাদের নাম এবং যোগাযোগের তথ্য উল্লেখ থাকতে হবে। হেলথ সার্টিফিকেশান ফর্ম (ডিওএস-১৯৪৮) অবশ্যই পূরণ করতে হবে এবং তা ডিপার্টমেন্ট অফ স্টেট ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন।

এনওয়াইএস লাইসেন্স সেন্টার ব্যবহার করে আপনার অনলাইন আবেদনের ক্ষেত্রে, আপনি অবশ্যই পূরণ করা হেলথ সার্টিফিকেশান ফর্মে থাকা তথ্য কাজে লাগাবেন। আপনাকে এই ফর্মে থাকা তথ্য সিস্টেমের হেলথ সার্টিফিকেশান ফিল্ডগুলিতে বসাতে হবে।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন: এই প্রয়োজনীয়তার মান্যতা পূরণ হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য একজন অনুসন্ধানকারী পূরণ করা হেলথ সার্টিফিকেশান ফর্ম অডিট করবেন। অডিটের উদ্দেশ্যে এই ফর্মের প্রমাণ আবশ্যিকভাবে আপনার কর্মস্থলে বজায় রাখতে হবে।

আমি অনলাইনে আবেদন করছি, কিভাবে আমার তত্ত্বাবধানকারী নাপিত স্বীকৃতি পূরণ করবেন?

যদি আপনার তত্ত্বাবধানকারী নাপিতের এনওয়াইএস লাইসেন্স সেন্টারের মাধ্যমে একটি অনলাইন অ্যাকাউন্ট থাকে, তবে তিনি একটি পিন নম্বর অনলাইনে স্বীকৃতি পূরণ করার নির্দেশাবলী সহ একটি ইমেল পাবেন। যদি আপনার তত্ত্বাবধানকারী নাপিতের একটি অ্যাকাউন্ট না থাকে তবে আপনাকে স্বীকৃতির শংসাপত্র আপলোড করতে নির্দেশ দেওয়া হবে।

যদি আমার তত্ত্বাবধানকারী নাপিত অপারেটর পরিবর্তিত হন তাহলে কি হবে?

সুপারভাইজারের এই পরিবর্তনের বিষয়ে এনওয়াইএস ডিপার্টমেন্ট অফ স্টেট, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসকে জানাতে আপনাকে একটি অনলাইন সংশোধনী কার্যসম্পাদন করতে হবে। এই পরিবর্তন ডিপার্টমেন্ট অফ স্টেট ওয়েবসাইটে উপলব্ধ 'চেঞ্জ অফ সুপারভাইজিং বার্বার ফর বার্বার এপ্রেন্টিস' ফর্ম (ডিওএস-১৯৬১) পূরণ করেও করা যেতে পারে। এটি আপনার রেজিস্ট্রেশনের সার্টিফিকেট এই বিভাগে সাম্প্রতিকতম থাকার বিষয়টি সুনিশ্চিত করবে। এই সংশোধনের জন্য কোন ফী লাগবে না।

গোপনীয়তার বিজ্ঞপ্তিকরণ

আমাকে কি আবেদনের সাথে আমার সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং ফেডারেল আইডি দিতে হবে?

হ্যাঁ, যদি আপনার একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর অথবা ফেডারেল আইডি থাকে, আপনাকে সেই নম্বর দিতে হবে। যদি আপনার একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর অথবা ফেডারেল আইডি না থাকে, অনুগ্রহ করে তার লিখিত ব্যাখ্যা দেবেন।

ডিপার্টমেন্ট অফ স্টেকে সকল লাইসেন্সধারকের ফেডারেল সোশ্যাল সিকিউরিটি এবং এমপ্লয়ার চিহ্নিতকরণ নম্বরগুলি সংগ্রহ করতে হবে। উক্ত ব্যক্তিগত তথ্যের জন্য অনুরোধ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ক্ষমতাধিকার কর আইনের §৫ তে এবং জেনারেল অবলিগেশনস আইনের §৩-৫০৩ তে উপলব্ধ আছে। আপনার জানানোটা বাধ্যতামূলক। এই তথ্য সংগ্রহের মাধ্যমে ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন এন্ড ফিন্যান্স সেইসব ব্যক্তি, ব্যবসা এবং অন্যান্যদের চিহ্নিত করতে পারবে যারা ট্যাক্স রিটার্ন পূরণ না করার জন্য অপরাধী অথবা করের পরিমাণ কম করে দেখাতে পারেন এবং কমিশনার অফ ট্যাক্সেশন এন্ড ফিন্যান্স দ্বারা পরিচালিত কর প্রভাবিত ব্যক্তিদের সাধারণরুপে চিহ্নিত করতে পারবে। এটি কর প্রশাসনের জন্য এবং কর আইন দ্বারা অনুমোদিত অন্যআন্য উদ্দেশ্যগুলির জন্য ব্যবহার করা হবে এবং সহায়তার সমর্থনে একটি আদেশনামা প্রতিষ্ঠা, পরিবর্তিত বা প্রয়োগ করতে সোশ্যাল সিকিউরিটি অ্যাক্টের টাইটেল IV-D অনুসারে এটি এই স্টেট বা অন্যান্য স্টেটের শিশু সহায়তা প্রয়োগকারী এজেন্সিগুলি বা তাদের অনুমোদিত প্রতিনিধিরাও ব্যবহার করতে পারেন, যদিও তা জনসাধারণের কাছে উপলব্ধ হবে না। কোন নম্বর না দিতে পারলে একটি লিখিত ব্যাখ্যার প্রয়োজন হবে। এই তথ্য ওয়ান কর্মাস প্লাজা, ৯৯ ওয়াশিংটন অ্যাভিনিউ, আলবেনি, এনওয়াই ১২২৩১-০০০১ ঠিকানায় অবস্থিত ডিরেক্টর অফ এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট দ্বারা লাইসেন্সিং ইনফর্মেশান সিস্টেমে রক্ষণাবেক্ষণ করা হবে।

আপনি কি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান?

অনুগ্রহ করে www.elections.ny.gov/votingregister.html-তে NY State Board of Elections গিয়ে দেখুন
অথবা **1-800-FOR-VOTE** কল করে NYS ভোট দাতার নিবন্ধন পত্রটির জন্য অনুরোধ জানান।

FOR OFFICE USE ONLY | APPLICATION NUMBER BA-A-____ - ______________ | FEE $20

New York State
Department of State
Division of Licensing Services
P.O. Box 22001
Albany, NY 12201-2001
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY | Division of Licensing Services

শিক্ষানবিশ নাপিতের আবেদন

এই আবেদনপত্র পূরণ করার আগে নির্দেশাবলী পড়বেন। আপনি অবশ্যই প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেবেন এবং উত্তরগুলি কালির মাধ্যমে প্রিন্ট করবেন।

আবেদনকারীর তথ্য

প্রথম নাম	শেষ নাম	মধ্যম নাম	প্রতীকি নাম

বাড়ির ঠিকানা)স্ট্রিটের নম্বর এবং স্ট্রিটের নাম দেবেন(	সুইট, অ্যাপার্ট, ইউনিট

শহর	স্টেট	জিপ+4	কাউন্টি	দেশ

চিঠি পাঠানোর ঠিকানা)পিও বক্স নম্বর দেবেন(

শহর	স্টেট	জিপ+4	কাউন্টি	দেশ

ইমেল ঠিকানা	সোশ্যাল সিকিউরিটি নম্বর	ফেডারেল ট্যাক্সপেয়ার আইডি

জন্মতারিখ	বাড়ীর ফোন	মোবাইল ফোন	ব্যবসার ফোন

পটভূমিকার তথ্য

হ্যাঁ বা **না**

1. আপনাকে কি কখনও একটি নিউ ইয়র্ক বার্বার লাইসেন্স অথবা এপ্রেন্টিস বার্বার রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে? ______ ______

➔যদি "হ্যাঁ" হয়, সঠিক বাক্সে টিক চিহ্ন দিন এবং লাইসেন্স অথবা রেজিস্ট্রেশন ইউআইডি নম্বর এবং মেয়াদ ফুরানোর তারিখ দেবেন:

☐ বার্বার লাইসেন্স ইউনিক আইডি নম্বর ইউআইডি #______________________ মেয়াদ ফুরানোর তারিখ তারিখ__________________

☐ এপ্রেন্টিস বার্বার রেজিস্ট্রেশন ইউনিক আইডি নম্বর ইউআইডি #______________________ মেয়াদ ফুরানোর তারিখ তারিখ__________________

2. আপনি কি একটি অনুমোদিত সংক্রমণ নিয়ন্ত্রণ কোর্স সম্পূর্ণ করেছেন? ______ ______

➔(দ্রষ্টব্য:আপনাকে এই কোর্স সম্পূর্ণ করতে হবে এবং আবশ্যিকভাবে আসল কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট এই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।(

3. আপনি কি কখনও এই স্টেট বা অন্য কোথাও কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিলেন যেটি একটি বেআইনি কাজ অথবা গুরুতর অপরাধ? ______ ______

➔যদি "হ্যাঁ" হয়, আপনাকে অবশ্যই এই আবেদনের সাথে স্থান, কোর্টের অধিক্ষেত্র, অপরাধের প্রকৃতি, দন্ডাদেশ এবং/অথবা অন্যান্য বিধান উল্লেখ করে একটি লিখিত ব্যাখ্যা জমা করতে হবে। আপনি অবশ্যই অভিযুক্ত দলিলের একটি প্রতিলিপি জমা করবেন)*যেমন,* অভিযোগপত্র, অপরাধী তথ্য বা অভিযোগ(*এবং* আদালতের থেকে সার্টিফিকেট অফ ডিসপোজিশন। যদি আপনি ডিসএবিলিটিস-এর থেকে কোনো সার্টিফিকেট, সার্টিফিকেট অফ গুড কনডাক্ট অথবা এক্সিকিউটিভ পার্ডন-এর অধিকারী হন বা পেয়ে থাকেন, তাহলে আপনি অবশ্যই এর একটি প্রতিলিপি এই আবেদনের সাথে জমা করবেন।

4. আপনার বিরুদ্ধে কি এই স্টেটের কোনো কোর্টে বা অন্য কোথাও অপরাধের অভিযোগ)বেআইনি কাজ বা গুরুতর অপরাধ(বিচারাধীন আছে? ______ ______

➔যদি "হ্যাঁ" হয়, আপনি অবশ্যই আদালতের থেকে প্রাপ্ত অভিযুক্ত দলিলের একটি প্রতিলিপি জমা করবেন)*যেমন* অভিযোগপত্র, অপরাধী তথ্য বা অভিযোগ

হ্যাঁ বা **না**

5. আপনাকে বা কোনো কম্পানিকে কি এমন কোন প্রকার লাইসেন্স বা পারমিট প্রদান করা হয়েছে যাতে আপনাকে কখনও নিউ ইয়র্ক স্টেট বা অন্য কোথাও বাতিল, স্থগিত বা অস্বীকার করা হয়েছে বা হয়েছিল? ______ ______

→**যদি "হ্যাঁ" হয়,** আপনি অবশ্যই এজেন্সির সিদ্ধান্ত গ্রহণ সহ, যদি এমন কিছু থাকে, সকল প্রকার সংশ্লিষ্ট নথিপত্রের প্রতিলিপি জমা করবেন।

একজন শিক্ষানবিশ অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত নাপিতের তত্ত্বাবধানে ও নির্দেশমতো কাজ করবেন। আপনার তত্ত্বাবধানকারী নাপিতকে অবশ্যই নিম্নলিখিতগুলি পূরণ করতে হবে:

তত্ত্বাবধানকারী লাইসেন্সপ্রাপ্ত নাপিতের স্বীকৃতি প্রদান

তত্ত্বাবধানকারী নাপিতের নাম	তত্ত্বাবধানকারী নাপিত অপারেটরের লাইসেন্স ইউনিক আইডি নম্বর*
নাপিতের দোকানের নাম	নাপিতের দোকানের লাইসেন্স ইউনিক আইডি নম্বর*

** লাইসেন্স ইউনিক আইডি নম্বর লাইসেন্স সার্টিফিকেটের ওপরের বামদিকে পাবেন*

আমি, নিম্নে স্বাক্ষরকারী ব্যক্তি, মিথ্যা হলফের জন্য জরিমানার অধীনে সম্মতিদান করে এবং হলফ করে বলছি যে, উক্ত নামের আবেদনকারী আমার তত্ত্বাবধানে ও নির্দেশনায় ২৪ মাসের শিক্ষানবিশ রুপে কাজ করবেন যেমনটি জেনারেল বিজনেস আইন)ধারা ২৮(এর অধীনে বলা আছে।

তত্ত্বাবধানকারী নাপিতের স্বাক্ষর

X______________________________ *তারিখ* ______________

স্বাস্থ্যের শংসাপত্র প্রদান— ***আপনি অবশ্যই আপনার শারীরিক পরীক্ষার পরে ৩০ দিনের মধ্যে এই আবেদন পত্র জমা করবেন।***

আমি সম্পূর্ণরুপে একজন লাইসেন্সপ্রাপ্ত চিকিত্সক, চিকিত্সকের সহকারী বা নার্স প্র্যাকটিশনার এবং ______________________ *(শারীরিক পরীক্ষার তারিখ)* তারিখে এই আবেদনপত্রে উল্লেখকারী ব্যক্তির একটি নিয়মমাফিক পরীক্ষা চলাকালীন আমি সংক্রমনযোগ্য বা সংক্রামক রোগের এমন কোনো নিদানিক প্রমাণ পাই নি যার কারণে আবেদনকারীর পেশাগত কারণে সংস্পর্শে আসা জনসাধারণের সদস্যদের স্বাস্থ্য বা সুরক্ষা সংক্রান্ত উল্লেখযোগ্য ঝুঁকি বা সরাসরি বিপদ হতে পারে।

চিকিত্সকের ছাপানো নাম ______________________

চিকিত্সার্চার ঠিকানা ______________________

____

চিকিত্সকের স্বাক্ষর ______________________ *তারিখ*______________

শিশু সহায়তা বিবৃতি –

এই আবেদনপত্রে সই করে, আমি শংসায়িক করছি যে এই আবেদনের তারিখ অবধি, আমি শিশু সহায়তা প্রদানে কোন বাধ্যবাধকতার অধীনে নই **অথবা** যদি আমি শিশু সহায়তা প্রদানে কোন বাধ্যবাধকতার অধীনস্থ হই, তাহলে চার মাস বা তার বেশী সময় ধরে আমার শিশু সহায়তার জন্য টাকা প্রদান বকেয়া নেই, অথবা আমি উপার্জন সম্পন্ন করতে টাকা প্রদান করছি বা আদালতের আদেশমতো টাকা দিচ্ছি বা পুনঃ অর্থ প্রদান পরিকল্পনার অধীনস্থ অথবা পক্ষদের দ্বারা রাজী হওয়া পরিকল্পনাভুক্ত বা আমার শিশু সহায়তা বাধ্যবাধকতা আদালতের কাজের বিচারাধীন সাপেক্ষে বর্তমান অথবা আমি জন সহায়তা বা প্রাসঙ্গিক নিরাপত্ত উপার্জন লাভ করছি।

শিক্ষানবিশ নাপিতের আবেদন

আবেদনকারীর অনুমোদন— আমি নিশ্চিত করছি যে, মিথ্যা হলফের জন্য জরিমানার অধীনে, আবেদনপত্র প্রদান করা বিবৃতি সত্য এবং নির্ভূল। আমি আরও নিশ্চিতভাবে জানাচ্ছি যে আমি জেনারেল বিজনেস আইনের ধারা ২৮ এর বিধানগুলি এবং তার অন্তর্গত ঘোষিত নিয়মাবলীগুলি পড়েছি এবং বুঝতে পেরেছি।.

আবেদনকারীর স্বাক্ষর

X ____ *তারিখ* ______________________

অনুগ্রহ করে এই ফর্মের সাথে যেকোন প্রকার প্রয়োজনীয় ব্যাখ্যাগুলি অন্তর্ভূক্ত করবেন এবং আপনার $২০ এর আবেদনের ফী জমা করবেন)ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে প্রদেয়(

যদি আপনি ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা প্রদান করতে চান, তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাট দেখুন www.dos.ny.gov যেখানেআপনি পূরণ করার জন্য এবং এই আবেদনের সাথে ফেরত দেওয়ার জন্য একটি ক্রেডিট কার্ড অনুমোদন ফর্ম পাবেন। এটি গুরুত্বপূর্ণ যে আপনি আপনার বাসস্থান এবং ইমেল ঠিকানার যেকোন পরিবর্তনের বিষয়ে এই ডিভিশনকে জানাবেনযাতে আপনি পুনঃনবীকরণের বিজ্ঞপ্তিগুলি এবং আপনার লাইসেন্স সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তিগুলি পেতে থাকেন।

দ্রষ্টব্য: অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে এসে পরীক্ষার প্রত্যাশিত বিষয়গুলির এর ব্যাপারে ওয়াকিবহাল হবেন।